

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১১ (মাধ্যমিক-২)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)

নং-৩৭.০০.০০০০.০৭৫.০২.০১৪.১৫.৭৪৩

তারিখ : ১৯ জানুয়ারী ২০১৬ খ্রিস্টাব্দ

### পরিপত্র

বিষয় : স্কুল, কলেজ, মাদ্রাসার ধর্মীয় শিক্ষক-শিক্ষিকা-কর্মচারী কর্তৃক বিয়ে পড়ানো সংক্রান্ত।

দারিদ্র, কুসংস্কার, সামাজিক নিরাপত্তাহীনতা প্রভৃতি কারণে বাল্য বিবাহের মতো সামাজিক ব্যাধি সমগ্র বাংলাদেশ বিস্তৃত। বাল্যবিবাহের কারণে অল্প বয়সে সন্তান জন্ম দেয়ায় মায়েরা এবং তাদের নবজাতক শিশু প্রায়শঃই অপুষ্টি, দুর্বলতা ও নানান শারীরিক সমস্যায় ভোগে।

০২। বিবাহ পড়ানোর ক্ষেত্রে দেখা যায়, মসজিদের ইমাম মোয়াজ্জিদ, মাদ্রাসা শিক্ষক, স্কুলের শিক্ষক এবং কর্মচারী সম্পৃক্ত থাকেন। বাল্যবিবাহ রোধের ক্ষেত্রে তাদের সকলের সচেতনতা, উদ্যোগী ও অগ্রণী ভূমিকা পালন করা প্রয়োজন।

০৩। স্কুল, কলেজ, মাদ্রাসার ধর্মীয় শিক্ষক-শিক্ষিকা-কর্মচারী কর্তৃক বিয়ে পড়ানোর ক্ষেত্রে পাত্র-পাত্রীর বয়স আইনে নির্ধারিত বয়সের নিচে নয় এমন পাত্র-পাত্রী এবং অভিভাবককে বিবাহের ক্ষেত্রে নিরুৎসাহিত করতে হবে। ধর্মীয় বা অন্য কোন শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীকে আইনে নির্ধারিত ন্যূনতম বয়স সম্পর্কে নিশ্চিত হয়েই বিয়ে পড়াতে হবে এবং বয়স সংক্রান্ত কাগজপত্রও সংরক্ষণ করতে হবে। বিয়ে পড়ানো শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ে রেজিস্ট্রেশনের বিষয়টিও নিশ্চিত করবেন।

০৪। জেলা শিক্ষা অফিসার-উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে বাল্য বিবাহের সূফল-কুফল সম্পর্কে ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সচেতনতামূলক পরামর্শ প্রদান করবেন।

স্বাক্ষরিত  
( মোঃ সোহরাব হোসাইন )  
সচিব  
ফোন : ৯৫৭৬৬৭৯



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নং ক/অ/ ১৫২

তারিখ : ১৪/১/২০১৬

উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

ফোনঃ ০৪২১-৬৮৬৩৮

প্রাপক :

অধ্যক্ষ/সভাপতি

অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়